

বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
<https://gtcl.org.bd>

নম্বর: ২৮.১৪.০০০০.১০৩.৫৬.০০৫.২১.৬১

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭

৩১ মার্চ ২০২১

জরুরী অফিস আদেশ-৫৩/২০২১

জিটিসিএল এর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের বিদ্যমান পরিস্থিতিতে প্রতিপালনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রজ্ঞাপন নম্বর-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪; তারিখ: ২৯-০৩-২০২১ অনুযায়ী সরকার কর্তৃক কতিপয় সিদ্ধান্ত সম্বলিত একটি প্রজ্ঞাপন জারী করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত সরকারের সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য এবং অধিকন্তু জিটিসিএল এর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিম্নবর্ণিত নির্দেশনা সমূহ প্রতিপালনপূর্বক অফিসে আগমন ও প্রস্থানের জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো:

১.১। কর্মক্ষেত্রে প্রবেশের পূর্বে আবশ্যিকভাবে সাবান দিয়ে ভালোভাবে হাত ধোঁত করতে হবে এবং কর্মক্ষেত্রে অবস্থানকালীন সময়ে সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে;

১.২। কর্মকর্তা/কর্মচারীগণ অফিস চলাকালীন সময়ে নিজ নিজ অফিস কক্ষ/বসার স্থানে অবস্থান করবেন। বিনা প্রয়োজনে বিভিন্ন ফ্লোরে, নিজ তলার অভ্যর্থনা কেন্দ্রে এবং অফিসের ভিতরে বা অফিস সন্নিহিত এলাকায় বা অফিসের বাহিরে যাতায়াত বা অবস্থান করবেন না;

১.৩। মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

১.৪। গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;

১.৫। করোনা ভাইরাসের কোনপ্রকার লক্ষণ (যথা: Headache, Aches and Pains, Conjunctivitis, Sore Throat, Rash on Skin, Diarrhoea, Discolouration of fingers or toes etc.) পরিলক্ষিত হলে কর্মক্ষেত্রে আসা থেকে বিরত থাকতে হবে এবং সাথে সাথে কোম্পানির চিকিৎসককে অবহিত করতে হবে এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ কোভিড-১৯ টেস্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোম্পানির চিকিৎসক কর্তৃক করোনায় আক্রান্ত/করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। একই সাথে করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে। কোভিড-১৯ এর টেস্ট এর ফলাফল (-)Ve না পাওয়া পর্যন্ত কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে;

১.৬। অফিসে আসার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কোনক্রমেই অফিসের বাহিরে যাওয়া যাবে না এবং অপ্রয়োজনীয় ঘোরাফেরা/আড্ডা বন্ধ করতে হবে;


১.৭। বিশেষ জরুরী প্রয়োজনে অফিসের বাহিরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরনের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্য বিধি লংঘন করা হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১.৮। জরুরী সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/শিল্প কলকারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/অসুস্থ/বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১.৯। সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;

১.১০। বিশেষ জরুরী প্রয়োজন ব্যতিত বহিরাগত লোকজনের অফিসে আগমন নিরুৎসাহিত করতে হবে;

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশ জারি করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।



৩১-৩-২০২১

মিনা রানী রায়


মহা-ব্যবস্থাপক

নম্বর: ২৮.১৪.০০০০.১০৩.৫৬.০০৫.২১.৬১/১(৬৫)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭
৩১ মার্চ ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
- ২) সকল মহাব্যবস্থাপক/পরিচালক, জিটিসিএল।
- ৩) সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
- ৪) সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
- ৫) অফিস কপি।



৩১-৩-২০২১

মিনা রানী রায়

মহা-ব্যবস্থাপক